

প্রক্টর অফিস

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৫, বাংলাদেশ

টেলিফোন: (০২৫৮)৮৮৬৬২৯৬ (অফিস)

টেলিফোন: ০৭২১-৭১১০২৩ (অফিস)

সেল ফোন: ০১৭১১৫৭৪৮৬৩ (অফিস)



Proctor Office

Rajshahi University

Rajshahi-6205, Bangladesh

Telephone: (0258)8866296 (Office)

Telephone: 0721-711023 (Office)

Cell Phone: 01711574863 (Office)

পত্র নং প্রক- ৯২১১

০৩-০৩-২০২৪

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণিতে
ভর্তি পরীক্ষা চলাকালীন যানবাহন চলাচলের নির্দেশনাবলি:

- ভর্তি পরীক্ষা চলাকালীন দিনগুলোতে (০৫-০৩-২০২৪ তারিখ হতে ০৭-০৩-২০২৪ তারিখ) সকাল ৭:১৫ মিনিটে স্ব-স্ব স্থান হতে বাসগুলো ক্যাম্পাসে উদ্দেশ্যে ছেড়ে আসবে ও বিকাল ৫:১৫ মিনিটে এবং ০৭-০৩-২০২৪ তারিখ দুপুর ২:৪৫ মিনিটে ক্যাম্পাস হতে ছেড়ে যাবে।
- কাজলা ও বিনোদপুর গেইট দিয়ে প্রবেশ করা ব্যক্তিগত গাড়ি এবং অন্যান্য যানবাহনসমূহ মেইন গেইট দিয়ে বেরিয়ে যাবে। কৃষি ও চারুকলা অনুষদে যাওয়ার ক্ষেত্রে (মল্লুজান হল→বেগম খালেদা জিয়া হল→স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন→তুত বাগান) সংলগ্ন রাস্তাটি চলাচলের জন্য উন্মুক্ত থাকবে। এক্ষেত্রে উল্লেখ্য যে, শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে এই নির্দেশনা শিথিলযোগ্য।
- শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীরা সকল রাস্তা ব্যবহার করতে পারবে।
- ভর্তি পরীক্ষা চলাকালীন ভর্তিচু শিক্ষার্থীদের জন্য সকাল ৮:০০ টায় অ্যাকাডেমিক ভবনগুলোর গেইট খুলে দেওয়া হবে।
- সকাল ৭:৩০ মিনিটের পর বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ভবনগুলোর দিকে ব্যক্তিগত গাড়ি, মোটর-সাইকেল এবং অটোরিক্সাসহ কোনো প্রকার যানবাহন প্রবেশ করবে না। উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যবহৃত গাড়িসমূহ (উপাচার্য, উপ-উপাচার্যদয়, প্রক্টর ও অন্যান্য) এই নির্দেশনার আওতামুক্ত থাকবে।
- ০৫-০৩-২০২৪ তারিখ এবং ০৬-০৩-২০২৪ তারিখ সকাল ৭:৩০ মিনিটের পর চারুকলা গেইট দিয়ে কোন প্রকার যানবাহন প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় স্টেশন বাজার-এর রোড হয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে।
- ০৫-০৩-২০২৪ তারিখ থেকে ০৭-০৩-২০২৪ তারিখ পর্যন্ত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের ব্যক্তিগত গাড়িসমূহ পার্কিং এর জন্য সাবাস বাংলাদেশ মাঠ ব্যবহার করবেন।
- বিশ্ববিদ্যালয়ের পশ্চিম পাড়ায় বসবাসরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ভর্তি পরীক্ষার দিনগুলোতে (০৫-০৩-২০২৪ তারিখ থেকে ০৭-০৩-২০২৪ তারিখ পর্যন্ত) তাদের আবাসিক এলাকায় প্রবেশের ক্ষেত্রে শুধুমাত্র কাজলা গেইট ব্যবহার করতে পারবেন এবং আবাসিক এলাকা থেকে প্রস্থানের ক্ষেত্রে প্যারিস রোড হয়ে মেইন গেইট এবং রোকেয়া হলের পেছনের রাস্তা (ফ্লাই-ওভার সংলগ্ন) ব্যবহার করতে পারবেন।

প্রফেসর ড. মো. আসাবুল হক

প্রক্টর

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী -৬২০৫।